



Public Affairs Office
of the
U.S. Consulate General
Calcutta

মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071
Tel: 2288-1200 (7Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

১৬ জুলাই ২০০৯

চাঁদে পদার্পণের ৪০-তম বার্ষিকী: আমেরিকান সেন্টারে বিশেষ অনুষ্ঠান

কলকাতা -- চাঁদের মাটিতে মানুষের ঐতিহাসিক পদার্পণের ৪০-তম বার্ষিকী উপলক্ষে আগামী সোমবার, ২০ জুলাই আমেরিকান সেন্টারে আয়োজিত হবে বিশেষ অনুষ্ঠান “আউট ইন স্পেস”। ১৯৬৯ সালের ২০ জুলাইয়ের সেই যুগান্তকারী ঘটনার বিভিন্ন ভিডিও খন্ডচিত্র দেখানো ছাড়াও আলোচনাচক্রে অংশ নেবেন বিশিষ্ট মহাকাশ বিজ্ঞানী ও পদার্থবিদরা। এই অনুষ্ঠান আয়োজনে আমেরিকান সেন্টারের সঙ্গে সহযোগিতা করছে পূর্ব ভারতের বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও বিজ্ঞানীদের নিয়ে গঠিত একটি অ-লাভজনক শিক্ষা সংগঠন ‘দি কল্লনা চাওলা সেন্টার ফর স্পেস অ্যান্ড ন্যানো সায়েন্সেস’ (কেসিসিএসএনএস)। মহাকাশের রহস্য উন্মোচনে মার্কিন কৃতিত্বের সামগ্রিক চিত্র ও উপস্থাপনার মাধ্যমে তুলে ধরা হবে।

অ্যাপোলো-১১ মহাকাশ যানের চাঁদে অবতরণের ৪০তম বার্ষিকী উপলক্ষে মার্কিন মহাকাশ সংস্থা ‘নাসা’ সারা বিশ্বেই বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করছে। আমেরিকান সেন্টারের এই অনুষ্ঠানও তারই অঙ্গ। বিকাল সাড়ে ৩টায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেবেন আমেরিকান সেন্টারের ডিরেক্টর ডগলাস কেলি। এরপর দেখানো হবে চাঁদের মাটিতে মানুষের প্রথম পদার্পণের ভিডিও চিত্র। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সেন্ট জেভিয়ার্স কলেজের পদার্থবিদ্যার প্রাক্তন অধ্যাপক অ্যালবার্ট সি গোমস। মহাকাশে মার্কিন সাফল্য সম্পর্কে বলবেন মহাকাশ বিজ্ঞানের গবেষক বহু চট্টোপাধ্যায়। মহাকাশে মানুষ প্রসঙ্গে উপস্থাপনা করবেন কেসিসিএসএনএস প্রধান শান্তনু দত্ত। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জৈব-রসায়ন ও জৈব-পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপিকা রিতা ঘোষ বলবেন মহাকাশে টিকে থাকার নানান সমস্যার কথা। অনুষ্ঠানের শেষে থাকবে প্রশ্নোত্তর পর্ব।
